

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date : 15-09-2025

**Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN**

PM, Assam:

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আসামে ৬,৩০০ কোটি টাকারও বেশি মূল্যের প্রধান পরিকাঠামো ও শিল্প উন্নয়ন প্রকল্প গতকাল উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করেছেন। এই উপলক্ষে দরং জেলার মঙ্গলদইতে জনসমাবেশে প্রধানমন্ত্রী বলেন, ভারত বিশ্বের দ্রুততম উন্নয়নশীল অর্থনীতির দেশ এবং আসাম দেশের দ্রুততম উন্নয়নশীল রাজ্যগুলির মধ্যে একটি হয়ে উঠেছে। শ্রী মোদী বলেন, উন্নত ভারত গড়ে তোলার জন্য গোটা দেশ ঐক্যবদ্ধভাবে এগিয়ে চলেছে এবং এই সংকল্প অর্জনে উত্তর-পূর্বের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। প্রধানমন্ত্রী বলেন, তাঁর সরকার উত্তর-পূর্বে সংযোগের উপর অনেক বেশি মনোযোগ দিচ্ছে, কারণ যে কোনও অঞ্চলের দ্রুত উন্নয়নের জন্য দ্রুত সংযোগ অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই অনুষ্ঠানে ভূপেন হাজারিকার প্রশংসা করে শ্রী মোদী বলেন যে ভূপেন হাজারিকা ভারতের ঐক্যের কণ্ঠস্বর সৃষ্টি করেছেন।

#####Byte#####

CM Neermahal:

মুখ্যমন্ত্রী ডা: মানিক সাহা মেলাঘরের রাজঘাট মুক্তমঞ্চে নীরমহল জল উৎসব ২০২৫-এর সমাপ্তি অনুষ্ঠানে গতকাল যোগ দেন। তিনি বলেন, রাজস্থানের জলমহল থেকেও বড় আমাদের এ রাজ্যের নীরমহল। এই মহলের প্রচার প্রসারের জন্য রাজ্য সরকার কাজ করছে। শুধু তাই নয় রুদ্রসাগরের চারপাড়ের জলজীবীদের ঐতিহ্যপূর্ণ সংস্কৃতিকে বিশ্ব দরবারে পৌঁছে দেওয়ার জন্যও প্রচেষ্টা

চালাচ্ছে রাজ্য সরকার। মুখ্যমন্ত্রী বলেন দেশের প্রধানমন্ত্রীও চাইছেন পুরনো সংস্কৃতি ও ঐতিহ্যকে ঠিক রেখে পর্যটনকে আধুনিক মানের করে গড়ে তুলতে। ইকো টুরিজম ও আধ্যাত্মিক পর্যটনের উল্লেখ করে প্রসাদ প্রকল্পে মাতা ত্রিপুরেশ্বরী মন্দিরের পরিকাঠামোগত উন্নয়ন ও বনদুয়ারে সতীর ৫১ পিঠের রেপ্লিকা গঠনের কথা বলেন মুখ্যমন্ত্রী।

Higher Education Minister:

উচ্চশিক্ষা মন্ত্রী কিশোর বর্মণ বলেছেন দল মত এবং রাজনীতির উর্দ্ধে উঠে যিনি ছাত্রছাত্রীদের পাঠদান করেন, তিনিই আদর্শ শিক্ষক। আগরতলার নজরুল কলাক্ষেত্রে গতকাল অখিল ভারতীয় রাষ্ট্রীয় শৈক্ষিক মহাসংঘ ত্রিপুরা শাখার বার্ষিক সাধারণ সভার উদ্বোধন করে তিনি একথা বলেন। দেশ সমাজ ও রাষ্ট্র গঠনে শিক্ষকদের যে ভূমিকা রয়েছে তা এই রাষ্ট্রীয় শৈক্ষিক মহাসংঘ ভালোভাবেই পালন করবে বলে আশা ব্যক্ত করেন তিনি। সভায় অখিল ভারতীয় রাষ্ট্রীয় শৈক্ষিক মহাসংঘ ত্রিপুরা শাখার কর্মকর্তাদের পাশাপাশি বিভিন্ন স্কুল কলেজের শিক্ষক শিক্ষিকারা উপস্থিত ছিলেন।

.Exhibition on new criminal laws :

নতুন তিন ফৌজদারি আইনের উপর হাপানিয়ায় আয়োজিত পাঁচদিনের প্রদর্শনী গতকাল শেষ হয়েছে। পুলিশ সদর দপ্তরের এসপি রাজদীপ দেব জানান, ভারতীয় ন্যায় সংহিতা , ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা এবং ভারতীয় সাক্ষ্য অধিনিয়মের উপর কর্মশালায় ১৩ টি স্টল খোলা হয়েছিল। এই স্টলগুলিতে জেলা পুলিশ, ফরেনসিক ল্যাবরেটরি, স্বাস্থ্য দপ্তর, পুলিশের ক্রাইম ব্রাঞ্চ সহ

অন্যান্য বিভাগ অংশ নিয়েছিল। দেশের মধ্যে ত্রিপুরা প্রথম রাজ্য যেখানে তিন ফোঁজদারি আইনের উপর প্রদর্শনী হয়েছে।

Mayor PVC Card:

রাজ্যের প্রতিটি রেশন দোকানে রাজ্য সরকারের খাদ্য দপ্তরের উদ্যোগে ভোক্তাদের পিভিসি কার্ড বিতরণ করার যে সিদ্ধান্ত নেওয়া হয়েছিল তারই অঙ্গ হিসাবে গতকাল আগরতলা পুর নিগমের ১৮ নম্বর ওয়ার্ডের ৬১ নম্বর রেশন দোকানের ভোক্তাদের মধ্যে পিভিসি কার্ড বিতরণ করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার। তিনি বলেন গনবন্টন ব্যবস্থাকে সুন্দর ও স্বচ্ছ ভাবে যাতে মানুষের কাছে পৌঁছে দেওয়া যায় সেই লক্ষে এই উদ্যোগ নিয়েছে রাজ্য সরকার। আগামীদিনে রাজ্যের সমস্ত ভোক্তাদের হাতে এই কার্ড পৌঁছে দেওয়া হবে।

Swasth Nari Sashakt Parivar Abhiyaan:

আগামী ১৭ই সেপ্টেম্বর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর জন্মদিন থেকে সেবাসপ্তাহ পালনের অঙ্গ হিসাবে 'সুস্থ নারী সশক্ত পরিবার' এই স্লোগানকে সামনে রেখে আগরতলা জিবি হাসপাতালে অনুষ্ঠিত হতে চলেছে বিশেষ কর্মসূচি। ঐদিন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর বক্তব্য সরাসরি সম্প্রচারিত হবে কর্মসূচি মঞ্চে। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহার উপস্থিত থাকার কথা রয়েছে। এখানে নারীদের সুস্বাস্থ্য নিয়ে সচেতনতার পাশাপাশি বিভিন্ন সরকারি প্রকল্পের বিস্তারিত তথ্য সাধারণ মানুষের সামনে তুলে ধরা হবে। গতকাল হাসপাতাল

চত্বরে যাবতীয় প্রস্তুতি খতিয়ে দেখেন আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার।

PM -WomenHockey:

প্রধানমন্ত্রী সামাজিক মাধ্যমে জানিয়েছেন, ভারতীয় মহিলা হকি দলকে ২০২৫ এর মহিলা এশিয়া কাপে রৌপ্য পদক জিতে দেশকে গর্বিত করার জন্য অভিনন্দন। তাদের দৃঢ় সংকল্প এবং অসাধারণ দলগত মনোভাব বজায় রেখে আগামীতেও সাফল্য অর্জনের জন্য শুভকামনা জানিয়েছেন প্রধানমন্ত্রী।

MINISTER:

অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় উদয়পুরে আস্থা সামাজিক সংস্থার উদ্যোগে সাফাই মিত্রদের মধ্যে বস্ত্র বিরতণ অনুষ্ঠানে গতকাল উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে ৩০ জন পুর সাফাই মিত্রদের হাতে নতুন বস্ত্র তুলে দেয়া হয়। একই সঙ্গে, পরিবেশ গত ভারসাম্য বজায় রাখার ক্ষেত্রে বিশেষ অবদানের জন্য পরিবেশ রক্ষক কর্মী দীপ্তনু দেবনাথকে সন্মান জানানো হয়।

PM-world boxing championship :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী লিভারপুলে অনুষ্ঠিত ২০২৫এর বিশ্ব বক্সিং চ্যাম্পিয়নশিপে ৪৮ কেজি বিভাগে গতকালের অসাধারণ জয়ের জন্য ভারতীয় বক্সার মিনাক্ষীকে অভিনন্দন জানিয়েছেন। সামাজিক মাধ্যমে প্রধানমন্ত্রী বলেছেন, মিনাক্ষী বিশ্ব বক্সিং চ্যাম্পিয়নশিপের ৪৮ কেজি বিভাগে স্বর্ণপদক জিতেছেন। তার সাফল্য এবং দৃঢ় সংকল্প ভারতীয় ক্রীড়াবিদদের জন্য অত্যন্ত

অনুপ্রেরণাদায়ক এবং তাঁর জন্য দেশ গর্বিত। ভবিষ্যতের জন্য তাকে শুভকামনা জানিয়েছেন প্রধানমন্ত্রী।

Football:

চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন ফুটবলের আসরে এগিয়ে চলো সংঘ রানার্স হয়েছে। সুপার লিগের শেষ খেলায় এগিয়ে চলো সংঘ ৩-১ গোলে নাইন বুলেটস ক্লাবকে হারিয়ে দেয়। উমাকান্ত মিনি স্টেডিয়ামে গতরাতে হয় ম্যাচটি। সুপার লিগে তিন ম্যাচের সবকটিতে জয় ছিনিয়ে ব্লাডমাউথ ক্লাব আগেই চ্যাম্পিয়নের খেতাব নিশ্চিত করে। আসরের শেষে চ্যাম্পিয়ন রানার্স দলকে ট্রফি ও প্রাইজমানি তুলে দেয়া হয়। পুরস্কার বিতরণী অনুষ্ঠানে সাংসদ রাজীব ভট্টাচার্য সহ বিশিষ্টজনেরা উপস্থিত ছিলেন।

Weather :

আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আকাশ সাধারণত মেঘলা থাকবে। বজ্র-বিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি বৃষ্টি পাতের সম্ভাবনা রয়েছে। আগরতলা ও তার আশেপাশে গতকাল সকাল থেকে আজ ভোর পর্যন্ত বৃষ্টি হয়েছে ১৯.১ মিলিমিটার। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫.৩ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩০ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি।
